ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৫৭০

কমলপুর, ৪ নভেম্বর, ২০২৫

**কমলপুরে মহারাস উৎসব ও মেলার উদ্বোধন**

দুর্গাচৌমুহনী ব্লকের কুচাইনালা শ্রীশ্রী ত্রিনপ্রভু নাট মন্দির প্রাঙ্গনে গতকাল তিনদিনব্যাপী ২২ তম মনিপুরী মহারাস উৎসব ও মেলার উদ্বোধন হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক স্বপ্না দাস পাল বলেন, এই উৎসব ও মেলাকে কেন্দ্র করে জাতি জনজাতির মধ্যে ঐক্য ও মেলবন্ধন তৈরী হয়। রাজ্য সরকার গ্রামীণ সংস্কৃতির বিকাশে গুরুত্বারোপ করেছে। এলাকার জাতি জনজাতি সম্প্রদায়ের আর্থ সামাজিক মান উন্নয়নে এই উৎসব গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের সহকারী সভাধিপতি অনাদি সরকার, বিশিষ্ট সমাজসেবী সুভাষ আহির ও অন্যান্য অতিথিবৃন্দ। উৎসব উপলক্ষে ৩ দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হবে।

*****